



পাকিস্তানে আহমদী মুসলমান খুন

সাম্প্রদায়িক আক্রমণের শিকার হয়ে ২০১০ সাল থেকে পাকিস্তানে ১৪৫তম আহমদী মুসলিমের শাহাদাত



১৯ আগস্ট ২০১৫, এক সাম্প্রদায়িক আক্রমণে বন্দুকধারীরা নৃশংসভাবে একজন আহমদী মুসলিম পুরুষ কে তার নিজ ঔষধের দোকানে শহীদ করে।

ডেরা গাজী খানের তোনসা এলাকায় চার জন মোটরসাইকেল আরোহী ইকরাম উল্লাহ (৩৭) কে ৫টি গুলি করে। ঘটনাস্থল ত্যাগ করার সময় গর্বের সাথে একজন “কাফের” কে হত্যা করেছে বলে তারা ঘোষণা করছিল। নিহত ব্যক্তির হত্যাকাণ্ডের লক্ষ্যবস্তু হওয়ার কারণ কেবল এই ছিল যে তিনি একজন আহমদী মুসলমান ছিলেন।

তাঁর এক বিধবা স্ত্রী, ৫ বছরের এক কন্যা এবং ১৮ মাস বয়সের এক পুত্র রয়েছে।

জনাব উল্লাহ আহমদীয়া মুসলিম জামাতের একজন সক্রিয় সদস্য ছিলেন এবং তিনি তার মহৎ ব্যক্তিত্বের জন্য বিস্তৃত পরিসরে পরিচিত ছিলেন। কারো প্রতি তাঁর কোন বিদ্বেষ ছিল না।

২১ আগস্ট ২০১৫ জুমু'আর খুৎবায় নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের প্রধান, পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আহমদীয়া মুসলিম জামাত এর এক নির্ণাবান ও নেক সদস্য হিসেবে মরহুমের প্রশংসা করেন এবং মহাপরাক্রমশালী আল্লাহর কাছে জান্নাতে শহীদের উচ্চ মর্যাদা ও তাঁর প্রিয়জনদের ধৈর্যের জন্য দোয়া করেন।